



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ফেনী
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪
www.feni.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

স্মারক নং- ০৫.২০.৩০০০.০০২.০৯.০০১.২৪-০১

তারিখঃ ১১ বৈশাখ ১৪৩১
২৪ এপ্রিল ২০২৪

গণ-বিজ্ঞপ্তি


যেহেতু বাংলাদেশ নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী ৬ষ্ঠ উপজেলা পরিষদের ৪র্থ ধাপে ফেনী জেলার ছাগলনাইয়া উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ধার্য করে ১১ বৈশাখ ১৪৩১/২৪ এপ্রিল ২০২৪ তারিখে ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৭.২৪-২১২ নং প্রজ্ঞাপন জারী করেছেনঃ-

রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	০৯ মে ২০২৪ ২৬ বৈশাখ ১৪৩১	বৃহস্পতিবার
রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১২ মে ২০২৪ ২৯ বৈশাখ ১৪৩১	রবিবার
মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	১৩-১৫ মে ২০২৪ ৩০ বৈশাখ-০১ জ্যৈষ্ঠ ১৪৩১	সোমবার-বুধবার
আপিল নিষ্পত্তি	:	১৬-১৮ মে ২০২৪ ০২-০৪ জ্যৈষ্ঠ ১৪৩১	বৃহস্পতিবার- শনিবার
প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১৯ মে ২০২৪ ০৫ জ্যৈষ্ঠ ১৪৩১	রবিবার
প্রতীক বরাদ্দ	:	২০ মে ২০২৪ ০৬ জ্যৈষ্ঠ ১৪৩১	সোমবার
ভোটগ্রহণের তারিখ	:	০৫ জুন ২০২৪ ২২ জ্যৈষ্ঠ ১৪৩১	বুধবার

ভোটগ্রহণের সময়সীমা : সকাল ৮.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত ব্যালট এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে

২। এক্ষেত্রে, সেহেতু, আমি অভিষেক দাশ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ফেনী ও রিটার্নিং অফিসার, ফেনী জেলার ছাগলনাইয়া উপজেলা পরিষদ নির্বাচন, উক্ত বিধিমালার বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারী করছি যে, ফেনী জেলার ছাগলনাইয়া উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আগামী ০৯ মে ২০২৪/২৬ বৈশাখ ১৪৩১ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন সময় অনলাইনে দাখিল করা যাবে।

৩। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচন কমিশনের ওয়েবসাইটে (www.ecs.gov.bd) প্রবেশ করে বাম পাশে ম্যানুবারে “অনলাইনে মনোনয়নপত্র দাখিল” লিংকে (<https://onss.ecs.gov.bd>) প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল করতে হবে।


২৪/৪/২৪.
(অভিষেক দাশ)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ফেনী

ও

রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

ফোনঃ ০২৩৩৪৪-৭৫০০৫

তারিখ	২	৪	দিন	০	৪	মাস	২	০	২	৪	বৎসর
-------	---	---	-----	---	---	-----	---	---	---	---	------

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৩। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- ০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০৫। উপ-মহা পুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম
- ০৬। জেলা প্রশাসক, ফেনী ও আপিল কর্তৃপক্ষ
- ০৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
- ০৮। পুলিশ সুপার, ফেনী
- ০৯। অধিনায়ক, বিজিবি-৪, ফেনী
- ১০। কোম্পানী কমান্ডার, সিপিসি-১, র্যাব-৭, ফেনী
- ১১। জেলা নির্বাচন কর্মকর্তা, ফেনী
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, ছাগলনাইয়া, ফেনী ও সহকারী রিটার্নিং অফিসার। [বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ]
- ১৩। জেলা কমান্ডার, আনসার ও ভিডিপি, ফেনী।
- ১৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ফেনী [বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ১৫। জেলা তথ্য অফিসার, ফেনী [বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ]
- ১৬। অফিসার ইনচার্জ, ছাগলনাইয়া, ফেনী।
- ১৭। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, ফেনী।
- ১৮। নোটিশ বোর্ড।


২৪/৪/২৪.
অতিরিক্ত জেলা প্রশাসক (সাবিক), ফেনী
ও
রিটার্নিং অফিসার
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪
ফোনঃ ০২৩৩৪৪-৭৫০০৫